Monitoring Cell
SL-76
Date 17.06.14

ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ (ডেসকো)

বিক্রয় ও বিতরণ বিভাগ গুলশান

তারিখ ঃ জুন ০৪, ২০১৪ইং।

বিষয় ঃ গ্রাহক 'যমুনা সিএনজি স্টেশন' কর্তৃক আবেদনের প্রেক্ষিতে ইন্সপেক্টর মনোনয়ন প্রসঙ্গে।

১। গত ২৭/০৪/২০১৪ইং তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) স্বাক্ষরিত হাজী মোঃ রইস উদ্দিন, স্বত্ত্বাধিকারী, যমুনা সিএনজি স্টেশনকে প্রদত্ত পত্রের কপি নিম্নস্বাক্ষরকারী গ্রহণ করে যেখানে হিসাব নং- ২৯৩২২৮৯১ এর বিপরীতে ইস্যুকৃত বিলের বিষয়ে সৃষ্ট জটিলতা নিরসনের জন্য ইন্সপেক্টর হিসাবে মনোনয়ন দেওয়া হয়েছে মর্মে উল্লেখ করা হলেও এই পদের করণীয় বা কর্ম পরিধি সম্পর্কে কোন ধারণা দেওয়া নাই। তবে, এ বিষয়ে শাহআলী বিওবি বিভাগে যোগাযোগ করা হলে সেখান হতে কিছু নথি সরবরাহ করা হয়। প্রাপ্ত নথি হতে দেখা যায় যে সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয় বরাবর প্রদত্ত (গ্রাহকের পক্ষে তার আইনজীবী কর্তৃক) নোটিশে তারা বিদ্যুৎ আইন ১৯১০ এর ২৬(৬) ধারা মোতাবেক একজন পরিদর্শক নিয়োগের জন্য অনুরোধ জানিয়েছিলেন এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয় ও ব্যবস্থাপক শাহআলী বিওবি বিভাগকে শুধুমাত্র অনুলিপি প্রদান করেছেন।

বিদ্যুৎ আইনের ২৬(৬) ধারা মোতাবেক উল্লেখিত পরিদর্শক পক্ষগণকে শুনানীর সুযোগ দান করতঃ সিদ্ধান্ত স্থির করবেন। পত্র প্রদানকারী ব্যবস্থাপক, শাহআলী বিওবি বিভাগ কর্তৃক প্রদত্ত বিলের বিরুদ্ধে অর্থাৎ ডেসকো'র সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল জানানোর জন্য সচিব, বিদ্যুৎ বিভাগ মহোদয় বরাবর পরিদর্শক নিয়োগ চেয়েছেন। নিম্নস্বাক্ষরকারীকে ডেসকো হতে নিয়োগ দেওয়া হলে সচিব মহোদয়ের নিকট পরিদর্শক চাওয়ার বিষয়টি স্মরন করিয়ে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (প্রশাসন) কে গ্রাহক পত্র দেন।

৩। শাহআলী বিওবি বিভাগ হতে সংগৃহীত নথিতে দেখা যায় যে, গ্রাহকের বিদ্যুৎ সংযোগ হয় ফেব্রুয়ারী'২০০৫ মাসে। সে সময় হতে গ্রাহক যথারীতি বিদ্যুৎ ব্যবহার করছেন, বিল হচ্ছে এবং তা পরিশোধ করছেন। স্থাপনায় Outdoor CT, PT সম্বলিত মিটার আছে যার OMF- '1' ধরে বিল করা হত। কিন্তু বিভিন্ন সময়ে বিওবি ও প্রধান কার্যালয় হতে গঠিত কমিটি কর্তৃক পর্যবেক্ষণ করে পাওয়া যায় যে, মিটারিং সিস্টেমে মিটারের সিটি রেশিও ১৫ঃ ৫ এবং লাইন সিটি রেশিও ৩০ঃ ৫ যার সূত্রানুসারে OMF হয় '2'। সে অনুযায়ী মিটার স্থাপনের পর হতে অর্থাৎ ফেব্রুয়ারী'২০০৫ হতে সেপ্টেম্বর'২০১২ পর্যন্ত বিল সংশোধন ও পরবর্তীতে নতুন OMF দ্বারা করা হয় এতে জটিলতার সৃষ্টি হয়।

৪। সংগৃহীত নথিতে দেখা যায় গ্রাহকের শুরুতে লোড ছিল ১১০ কিঃওঃ এবং ১০ সেপ্টেম্বর'২০০৭ ইং তারিখের ইস্যু পরিশোধিত একটি ১১০ কিঃওঃ এর লোড বৃদ্ধির ডিমান্ড নোটের ফটোকপি পাওয়া যায়। নথিগুলোর মধ্যে আরও পাওয়া যায় যে, শুরুতে সংযোগ প্রদানের জন্য ১৫/৫A সিটি রেশিও Outdoor CT এর Requisition দেওয়া হয়েছে। কেন্দ্রীয় ভান্ডারের লেজারের কপিতেও দেখা যায় সে সময় কল্যাণপুর বিওবি বিভাগের জন্য তা প্রদান করা হয়েছিল। এখান হতে স্পষ্ট যে, গ্রাহকের শুরুতে ১৫/৫A সিটি রেশিওর Outdoor CT ছিল। কিন্তু বর্তমানে গ্রাহক স্থাপনায় ৩০/৫ সিটি রেশিওর Outdoor CT। গ্রাহকের BIS পর্যালোচনা করলে দেখা যায় সেপ্টেম্বর'২০০৭ মাসের পর ব্যবহৃত ইউনিট হঠাৎ করেই কমে এসেছে যা পূর্ববর্তী মাসের তুলনায় অর্ধেকের কম এবং পরবর্তীতে বৃদ্ধি পেলেও ৩-৪ বৎসরের পূর্বের সমান হয় নাই।

৫। গ্রাহকের নথি হতে সেপ্টেম্বর'২০০৭ইং মাসে লোড বৃদ্ধির ডিমান্ড নোটের কপি, পরবর্তীতে ব্যবহার অর্ধেকের চেয়েও কমে যাওয়া, গ্রাহক স্থাপনার Outdoor CT প্রথমে ১৫/৫A সিটি রেশিও স্থাপন হলে বর্তমানে ৩০/৫ রেশিওর সিটি পাওয়া যাওয়ায় ধারণা করা যায় যে, সে সময়ের কোন এক দিন CT টি পরিবর্তন করা হয়েছিল। বিওবি বিভাগ হতে প্রাপ্ত তথ্যের মধ্যে শুরুতে ১১০ কিঃওঃ এর অনুমোদিত লোড থাকলেও পরবর্তীতে Database এ তা ২২০ কিঃওঃ কখন কিভাবে হলো তার কোন তথ্য পাওয়া যায় নাই এছাড়া লোড বৃদ্ধির কিছু তথ্য থাকলেও লোড বৃদ্ধির গ্রাহক ফাইল নাই। উক্ত ফাইল পাওয়া গেলে সঠিক বিষয়টি জানা যেত। তথ্য হতে ধারণা করা যায় যে, অক্টোবর'২০০৭ অথবা নভেম্বর'২০০৭ এর কোন এক সময়ে CT টি পরিবর্তন করা হয়েছিল যার ফলে OMF পরিবর্তন হয় যা IT তে Database ভুক্ত হয় নাই।

চলমান পাতা- ২

৬। গ্রাহকের আরও একটি আপত্তি ছিল PF Correction চার্জ সংক্রান্ত। গ্রাহকের PF সঠিক তা নিরূপণের জন্য একটি কমিটি গঠিত হয়েছিল। কমিটি তার প্রতিবেদনে মিটার প্রান্তে তিনটি সিটির সঙ্গে সংশ্লিষ্ট তিনটি সিটির সংযোগ সঠিক ছিল না মর্মে উল্লেখ করেছে এবং যা সংশোধন করায় PF এর মান সঠিক হয়ে এসেছে মর্মে উল্লেখ করেছে। সুতরাং ইহা স্পষ্ট যে গ্রাহকের ইতিপূর্বে PF Correction চার্জ হিসেবে যা আদায়/ বিল করা হয়েছে তা সঠিক ছিল না। পরবর্তীতে বিক্রয় বিভাগ হতে অক্টোবর'১২ থেকে ফেব্রুয়ারী'১৩ পর্যন্ত মাসে PF ভুল ছিল মর্মে সিদ্ধান্ত নিয়ে PF 0.8 ধরে বিল সংশোধন করে। এছাড়া গ্রাহকের পুরো BIS পর্যালোচনায় দেখা যায় ৫-৬ মাস ছাড়া সকল মাসেই PF ছিল 1.0, 0.95 অথবা 0.8 ; যা অবশ্যই প্রাক্কলিত। শুধুমাত্র নভেম্বর'১১, জুন'১২, জুলাই'১২, আগষ্ট'১২ এবং এপ্রিল'১৩ মাসে PFC চার্জ বাবদ বিল/ আদায় করা হয়েছে ৯,২৪,৭৪০.০০ টাকা।

৭। বিইআরসি আদেশ নং- ২০১২/০১ দ্বারা পাওয়ার ফ্যাক্টর শুদ্ধকরণ চার্জ আরোপ বিষয়ে নির্দেশনা দেওয়া আছে। আদেশের ২ ও ৩ অনুচ্ছেদ অনুযায়ী ০১/১২/২০১১ এর পর হতে প্রকৃত মিটার রিডিং ব্যতিত অর্থাৎ প্রাক্কলিত/ অনুমিত গড় পাওয়ার ফ্যাক্টরের ভিত্তিতে পাওয়ার ফ্যাক্টর চার্জ আরোপ করা যাবে না এবং এর পূর্বে ডেসকো'র ০৮/০৪/২০০৮ইং তারিখের সভার সিদ্ধান্ত অনুযায়ী PF চার্জ করা হতো। সেখানে উল্লেখ আছে সঠিকভাবে KVARH Reading গ্রহণ না করা গেলে ০.৮০ ধরে PF চার্জ আরোপ করার নির্দেশনা আছে।

৮। গ্রাহকের ৯২ মাসের বিল সংশোধন করে প্রায় ৭৮ লক্ষাধিক অতিরিক্ত টাকা বিল আরোপ করা হলেও সংযুক্ত নথি পর্যালোচনা করেই দেখা যায় যে সংশোধনটি যুক্তিযুক্ত হয় নাই। এ অবস্থায় জটিলতা নিরসন কল্পে যুক্তিযুক্তভাবে বিল পুনঃ সংশোধন করা হলে তা গ্রহণযোগ্য হতে পারে। সংশোধনীয় প্রস্তাব নিম্নরূপ ঃ

ক) গ্রাহকের স্থাপনার CT ১৫/৫A হতে পরিবর্তিত হয়ে ৩০/৫A হওয়ার সময় (আনুমানিক নভেম্বর'২০০৭) থেকে OMF 2 ধরে বিল সংশোধন করা এবং এর পূর্বের বিল OMF 1 ধরে অপরিবর্তিত রাখা যেতে পারে। এতে বর্তমানে আরোপকৃত বিল হতে আনুমানিক ২৯ লক্ষাধিক টাকা কমবে।

খ) প্যারা ৬ ও ৭ এর বিবরণ অনুযায়ী নভেম্বর'১১ মাসে বিলে সর্বোচ্চ ০.৮০ ধরে PF চার্জ আরোপ এবং পরবর্তী মাস গুলো অর্থাৎ ডিসেম্বর'১১ হতে এপ্রিল'১৩ পর্যন্ত PF চার্জ বিল হতে বাদ দেওয়া যেতে পারে।

৯। সদয় অবগতির জন্য পেশ করা হলো।

16.06.2014

(প্রকৌঃ মোহাম্মদ কামরুজ্জামান)
নির্বাহী প্রকৌশলী
নিওবি বিভাগ গুলশান, ডেসকো।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়।

১০. নির্বাহী প্রকৌ: নিম্ন প্রস্তাবনাটিতে ~~[illegible]~~ সমর্থন দিলাম।
উপস্থাপন হলো।

২৯৬৩
20.10.14

DE (ME)

১১. গ্রাহকের সহিত আলোচনা করতঃ প্রয়োজনীয় সিদ্ধান্ত নেওয়া যেতে পারে। সদয় পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য প্রেরিত।